বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৩৭

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি'র উদ্যোগে আয়োজিত 'আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা' প্রসঙ্গে।**

**জুলাই বিপ্লবে আত্মাহুতি দানকারী ছাত্র-জনতার স্মরণে ও সমৃদ্ধ পুঁজিবাজার বিনির্মাণে** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে এবং সচেতনতা বাড়াতে 'আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা' আয়োজন করেছে। বাংলাদেশের যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। প্রতিযোগিতাটিতে তিনটি ক্যাটাগরিতে ১ম, ২য় ও ৩য় মিলিয়ে মোট নয়টি পুরস্কার প্রদান করা হবে এবং একইসাথে ১০ টি সান্ত্বনা/উৎসাহ পুরস্কার দেওয়া হবে। উক্ত আয়োজনে বিএসইসিকে সহায়তা করছে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই), সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল), বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে (বিএসইসি)-র অন্যতম প্রধান দায়িত্ব "বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ" এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের অন্যতম উপায় হচ্ছে তাদেরকে যথাযথ বিনিয়োগ শিক্ষা প্রদান করা। দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা সম্প্রসারণের অংশ হিসেবে জনগণের মাঝে শিক্ষামূলক শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রচার করা হলে তা কার্যকরী ভূমিকা রাখতে পারে। জুলাই গণ–অভ্যুত্থানের এক বছর পূর্তিতে সকলের মাঝে জুলাইয়ের স্পিরিটকে (spirit) শ্রদ্ধাভরে স্মরণ ও আলোকপাত (highlight) করতেই বিএসইসির শর্ট ভিডিও প্রতিযোগিতা আয়োজন। এর মধ্য দিয়ে জুলাই গণ–অভ্যুত্থানের মূলচালিকাশক্তি ছাত্র-ছাত্রীদের মাঝে জুলাইয়ের উদ্দীপনা ও কর্মশক্তি নতুন ভাবে চালিত হবে এবং সেটি বিনিয়োগ শিক্ষার বিকাশ ও প্রসারে কাজে আসবে। একইসাথে এই প্রতিযোগিতার মাধ্যমে দেশের পুঁজিবাজার ও আর্থিক খাত উপকৃত হবে বলে বিএসইসি মনে করে।

এ সংক্রান্ত আরো তথ্য নিম্নরূপ:

| ক্যাটাগরি | পুরস্কারের সংখ্যা | পুরস্কার মূল্য |
|---|---|---|
| সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি | ৩টি (১ম, ২য় ও ৩য়) | প্রতিটি প্রথম পুরস্কার: ৬০,০০০/- টাকা ও ক্রেস্ট<br>প্রতিটি দ্বিতীয় পুরস্কার: ৪৫,০০০/- টাকা ও ক্রেস্ট<br>প্রতিটি তৃতীয় পুরস্কার: ৩০,০০০/- টাকা ও ক্রেস্ট |
| পুঁজিবাজারে ঝুঁকি | ৩টি (১ম, ২য় ও ৩য়) | |
| পুঁজিবাজারে সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান | ৩টি (১ম, ২য় ও ৩য়) | |
| ১০ টি সান্ত্বনা/উৎসাহ পুরস্কার যার প্রতিটির মূল্য ১৫,০০০/- ও সনদ। | | |

**প্রতিযোগিতা শুরুর তারিখঃ ০১-০৭-২০২৫ ইং**

**ভিডিও জমা দেওয়ার তারিখঃ ১৬-০৭-২০২৫ ইং থেকে ৩০-০৭-২০২৫ ইং পর্যন্ত।**

রেজিস্ট্রেশন, ভিডিও প্রস্তুতের ক্ষেত্রে নির্দেশনা ও মুল্যায়ন পদ্ধতি সহ বিস্তারিত বিজ্ঞপ্তি জানতে, ক্লিক করুনঃ http://finlitbd.com/bn/video-competition.php **অথবা স্ক্যান করুন**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

02/07/2025

মোঃ আবুল কালাম

পরিচালক ও মুখপাত্র

সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি কমাতে
এবং সচেতনতা বাড়াতে

# আর্থিক জ্ঞান বিষয়ক শর্ট ভিডিও প্রতিযোগিতা



অংশগ্রহণকারীঃ স্নাতক ও স্নাতকোত্তর
স্তরে বাংলাদেশে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী

প্রথম পুরস্কারঃ ৬০,০০০/- টাকা ও ক্রেস্ট
দ্বিতীয় পুরস্কারঃ ৪৫,০০০/- টাকা ও ক্রেস্ট
তৃতীয় পুরস্কারঃ ৩০,০০০/- টাকা ও ক্রেস্ট
বিঃদ্রঃ প্রতিটি সান্ত্বনা/উৎসাহ পুরস্কারের মূল্য ১৫,০০০/- ও সনদ।

৩ ক্যাটাগরিতে ১ম, ২য়, ৩য় নিয়ে ০৯ টি পুরস্কার ও ১০ টি
সান্ত্বনা/উৎসাহ পুরস্কার সহ মোট ১৯ টি পুরস্কার।

**প্রতিযোগিতা শুরুর তারিখঃ ০১-০৭-২০২৫ ইং।**

**ভিডিও জমা দেওয়ার তারিখঃ ১৬-০৭-২০২৫ ইং থেকে ৩০-০৭-২০২৫ ইং পর্যন্ত।**

বিস্তারিত জানতে ভিজিট করুনঃ www.finlitbd.com

**আয়োজকঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)**

সহায়তায়ঃ ডিএসই, সিএসই, সিডিবিএল,
বিএএসএম, বিআইসিএম

